

DOE পরিবারদের জন্য সর্বসাম্প্রতিক তথ্য

8 এপ্রিল, 2021

বিষয়সূচি

- সকল পরিবার: সশরীরে শিক্ষা গ্রহণ বেছে নেয়ার শেষ দিন **শুক্রবার, 9 এপ্রিল** পর্যন্ত বর্ধিত করা হয়েছে
- যেসব পরিবার গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড কিভারগার্টেন প্রোগ্রামগুলোতে আবেদন করছেন: আবেদনের শেষ সময় **শুক্রবার, 9 এপ্রিল**
- যেসব পরিবার প্রি-K-তে আবেদন করছেন: আবেদনের শেষ সময় **শুক্রবার, 19 এপ্রিল** পর্যন্ত বর্ধিত করা হয়েছে
- 3-8 গ্রেডের শিক্ষার্থী রয়েছে যেসব পরিবারে: নিউ ইয়র্ক স্টেট পরীক্ষা সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্য

গুরুত্বপূর্ণ শেষ সময়সীমাসমূহ

বসন্তের অস্ট-ইন বা বেছে নেয়ার সময়সীমা **শুক্রবার, 9 এপ্রিল** পর্যন্ত বর্ধিত করা হয়েছে

যদি আপনার সন্তান বর্তমানে প্রতিদিন দূর থেকে বা রিমোটভাবে শিক্ষা গ্রহণ করছে, তবে সপ্তাহের অন্তত কিছু অংশ স্কুল বিল্ডিংয়ে সশরীরে শিক্ষা গ্রহণ করার জন্য তাদের একটি শেষ সুযোগ রয়েছে। এই শিক্ষা বছরের অবশিষ্ট সময়ের জন্য মিশ্র শিক্ষা বা ব্লেণ্ডেড লার্নিংয়ে স্থানান্তরিত হওয়ার জন্য অনুরোধ জমা দেয়ার শেষ সময়সীমা **শুক্রবার, 9 এপ্রিল** পর্যন্ত বর্ধিত করা হয়েছে। মিশ্র শিক্ষা বা ব্লেণ্ডেড লার্নিং কীভাবে বেছে নেয়া যাবে:

- অনলাইন: আপনার সন্তানের জন্য মিশ্র শিক্ষা বা ব্লেণ্ডেড লার্নিং বেছে নেয়ার জন্য nycenet.edu/surveys/learningpreference ওয়েবসাইটে লার্নিং প্রিফারেন্স সার্ভে (পছন্দানুযায়ী শিক্ষা গ্রহণ পদ্ধতির বেছে নেয়ার জরিপ) দেখুন।
- ফোনে: আপনার পছন্দানুযায়ী শিক্ষা গ্রহণ পদ্ধতি (লার্নিং প্রিফারেন্স) পরিবর্তন জমা দিতে 311 নম্বরে ফোন করুন।

G&T কিভারগার্টেনে আবেদনের শেষ সময় **শুক্রবার, 9 এপ্রিল**

কিভারগার্টেন গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রামগুলোতে আবেদন এখন চালু রয়েছে, এবং আবেদনের শেষ সময় হচ্ছে **9 এপ্রিল**। যেসব পরিবারে 2016 সালে জন্মগ্রহণকারী সন্তান আছে, তারা আগ্রহী হলে নিম্নলিখিত তিনটি উপায়ের একটিতে আবেদন করতে পারেন:

- অনলাইনে [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) -ওয়েবসাইটে
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে—আরো জানতে schools.nyc.gov/fwc দেখুন।
- ফোনে 718-935-2009 নম্বরে—কোনো প্রশ্ন থাকলেও আপনি আমাদের ফোন করতে পারেন।

প্রি-K-তে আবেদন করার শেষ সময় শুক্রবার, 19 এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হয়েছে

এখন আপনার সন্তানের প্রি-K-এর অপশনগুলো অন্বেষণ করার জন্য আপনার হাতে আরো বেশি সময় রয়েছে। 2017 সালে জন্মগ্রহণকারী NYC ছেলেমেয়েদের জন্য প্রি-K-তে আবেদন করার সময়সীমা 19 এপ্রিল পর্যন্ত বর্ধিত করা হয়েছে! আবেদন করুন - অনলাইনে [MySchools.nyc](https://www.myschools.nyc.gov) সাইটে অথবা ফোনে 718-935-2009 নম্বরে—কোনো প্রশ্ন থাকলেও আপনি আমাদের ফোন করতে পারেন। আরো জানুন nyc.gov/prek -সাইটে।

পরীক্ষা এবং মূল্যায়নসমূহ

নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষাসমূহ

নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষাগুলো এই মাসের শেষের দিকে শুরু হবে। এই বছর, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট সিদ্ধান্ত নিয়েছে যে তৃতীয় (3) থেকে অষ্টম (8) গ্রেডের ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) ও ম্যাথমেটিক্স (গণিত), এবং চতুর্থ (4) ও অষ্টম (8) গ্রেডের সায়েন্স (বিজ্ঞান) পরীক্ষা শুধুমাত্র আপনার সন্তানের স্কুল বিল্ডিংয়ে গৃহীত হবে। দূর থেকে বা রিমোটভাবে দেয়ার কোনো সুযোগ থাকবে না।

যদি আপনি আপনার সন্তানকে এই বছরের স্টেটের পরীক্ষায় অংশগ্রহণ করাতে চান, তবে অনুগ্রহ করে আপনার স্কুলকে জানিয়ে দিন। যদি আপনি আপনার সন্তানকে স্টেটের পরীক্ষায় অংশগ্রহণ না করাতে চান, তাহলে আপনাকে আর কিছু করতে হবে না।

পরীক্ষাগুলো নিচে উল্লিখিত তারিখ অনুযায়ী গৃহীত হবে :

- তৃতীয় (3) থেকে অষ্টম (8) গ্রেডের জন্য ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA): 19-29 এপ্রিল
- তৃতীয় (3) থেকে অষ্টম (8) গ্রেডের জন্য ম্যাথমেটিক্স (গণিত): 3-14 মে *ঈদ-উল ফিতর উপলক্ষে স্কুল বন্ধ থাকার কারণে, 13 মে পরীক্ষা গৃহীত হবে না।*
- চতুর্থ (4) ও অষ্টম (8) গ্রেডের জন্য বিজ্ঞান (সায়েন্স): 7-11 জুন

পরীক্ষার প্রক্রিয়া ও শেষ সময়সীমা সংক্রান্ত আরো তথ্য জানাতে আপনার সন্তানের স্কুল যোগাযোগ করবে। আরো জানতে schools.nyc.gov/testing দেখুন।